গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

বিষয়ঃ সাফজয়ী ৫ (পাঁচ) নারী ফুটবলারকে সংবর্ধনা প্রদান উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোসাম্মৎ হামিদা বেগম<br>সচিব<br>পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার স্থান | : | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ২৯/০৯/২০২২ খ্রিঃ; বেলা ০২.০০ টা |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, গত ১৯ সেপ্টেম্বর, ২০২২ সাফ নারী ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। উক্ত ফাইনাল খেলায় বাংলাদেশ নারী দল বিজয় লাভ করে। সাফ শিরোপা জয়ী ফুটবলারদের মধ্যে ৫ (পাঁচ) নারী ফুটবলার এবং ০১ (এক) জন সহকারী কোচ তিন পার্বত্য জেলার অধিবাসী। তন্মধ্যে রুপনা চাকমা ও ঋতুপর্ণা চাকমা রাঙ্গামাটি পার্বত্য জেলার এবং মনিকা চাকমা, আনাই মগিনি ও আনুচিং মগিনি খাগড়াছড়ি পার্বত্য জেলার বাসিন্দা। সাফ শিরোপা জয়ী পার্বত্য চট্টগ্রামের এই ৫ (পাঁচ) ফুটবলার এবং ০১ (এক) জন সহকারী কোচকে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় হতে সংবর্ধনা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব/বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন | সাফ শিরোপা জয়ী ৫ (পাঁচ) নারী ফুটবলার এবং ০১ (এক) জন সহকারী কোচকে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সংবর্ধনা প্রদান করা হবে। সংবর্ধনা অনুষ্ঠানে সাংবাদিকদের আমন্ত্রণ জানানোর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১) ৫ (পাঁচ) শিরোপা জয়ী ফুটবলার এবং ০১ (এক) জন সহকারী কোচকে সংবর্ধনা প্রদান করতে হবে।<br>(২) মিডিয়া কাভারেজের জন্য সাংবাদিকদের আমন্ত্রণ জানাতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন);<br>(খ) যুগ্মসচিব (প্রশাসন);<br>(গ) উপসচিব (প্রশাসন-১) এবং<br>(ঘ) জনসংযোগ কর্মকর্তা |
| ০২। | আমন্ত্রণপত্র, অনুষ্ঠানসূচি তৈরি ও আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা | অনুষ্ঠানসূচিসহ আমন্ত্রণপত্র তৈরির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | অনুষ্ঠানসূচিসহ আমন্ত্রণপত্র প্রস্তুত করে ফুটবলারদের প্রেরণ করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন);<br>(খ) যুগ্মসচিব (প্রশাসন) এবং<br>(গ) উপসচিব (প্রশাসন-১)। |
| ০৩। | সাজসজ্জা | সাফ শিরোপা জয়ী ৫ (পাঁচ) নারী ফুটবলার এবং ০১ (এক) জন সহকারী কোচেকে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সংবর্ধনা প্রদান উপলক্ষ্যে মন্ত্রণালয় সাজসজ্জার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১) মন্ত্রণালয়ে প্রবেশ পথে, লিফট ও মেইন গেইটে সাজসজ্জা করতে হবে।<br>(২) মন্ত্রণালয়ের করিডোর এবং সভাকক্ষ সাজসজ্জা করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন);<br>(খ) যুগ্মসচিব (প্রশাসন) এবং<br>(গ) উপসচিব (প্রশাসন-১)। |

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব/বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৪। | চেক, ক্রেস্ট ও অন্যান্য উপহার সামগ্রী বিতরণ | সাফ শিরোপা জয়ী ৫ (পাঁচ) নারী ফুটবলার এবং ১ (এক) জন সহকারী কোচকে ফুলেল শুভেচ্ছা, ক্রেষ্ট এবং ৫০ হাজার টাকার চেক প্রদান করে অভিনন্দিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১) সাফ শিরোপা জয়ী ৫ (পাঁচ) নারী ফুটবলার এবং ০১ (এক) জন সহকারী কোচ এর প্রত্যেককে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা করে মোট ৩,০০,০০০ (তিন লক্ষ হাজার) টাকার চেক বিতরণ করতে হবে।<br>২) ০৬ (ছয়) টি ডামি চেক তৈরী করতে হবে।<br>৩) শিরোপা জয়ী ৫ (পাঁচ) নারী ফুটবলার এবং ০১ (এক) জন সহকারী কোচকে ক্রেষ্ট বিতরণ করতে হবে।<br>৪) ক্রেষ্টের ডিজাইন অনুমোদন সাপেক্ষে তৈরি করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন);<br>(খ) অতিরিক্ত সচিব (উন্নয়ন);<br>(গ) যুগ্মসচিব (প্রশাসন);<br>(ঘ) যুগ্মসচিব (উন্নয়ন) এবং<br>(ঙ) উপসচিব (প্রশাসন-১)। |
| ০৫। | আপ্যায়ন | আমন্ত্রিত অতিথিবৃন্দের আপ্যায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আমন্ত্রিত অতিথিবৃন্দের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন);<br>(খ) যুগ্মসচিব (প্রশাসন);<br>(গ) সিনিয়র সহকারী সচিব (বাজেট/প্র:-২) ;<br>(ঘ) জনসংযোগ কর্মকর্তা এবং<br>(ঙ) প্রশাসনিক কর্মকর্তা (বা/প্র:-২) |
| ০৬। | ব্যয় | সাফ শিরোপা জয়ী ৫ (পাঁচ) নারী ফুটবলার এবং ০১ (এক) জন সহকারী কোচকে সংবর্ধনা প্রদান উপলক্ষ্যে যাবতীয় ব্যয় কোন খাত হতে খরচ করা হবে সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | "পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আধুনিকায়ন ও কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক স্কীম হতে অর্থ ব্যয় করা হবে। | (ক) অতিরিক্ত সচিব (উন্নয়ন);<br>(খ) যুগ্মসচিব (উন্নয়ন) এবং<br>(গ) প্রকল্প পরিচালক, "পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আধুনিকায়ন ও কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক স্কীম। |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় অবশিষ্ট না থাকায় সবাইকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
০৩/১০/২০২২
(মোসাম্মৎ হামিদা বেগম)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

নং-২৯.০০.০০০০.২১৩.৯৯.০০১.১৯-৩৬৪ তারিখঃ ০৩/১০/২০২২ খ্রিঃ

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫। সিনিয়র সহকারী সচিব (সকল),পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৮। জনসংযোগ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। আইসিটি স্পেশালিস্ট, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

০৬/১০/২০২২

(সজল কান্তি বনিক)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৩১৪
Email: dsadmin@mochta.gov.bd